



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
সরকারি মাধ্যমিক শাখা
www.dshe.gov.bd



নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০২.২২.২৭৫২

তারিখ: ১০ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
২৩ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরধীন দৌলতপুর সরকারি পাইলট মডেল মাধ্যমিক বিদ্যালয়, দৌলতপুর, কুষ্টিয়া এর প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) জনাব মোঃ আমজাদ হোসেন-এর অবসরজনিত কারণে গত ০৫.০২.২০২৪ তারিখ বিদ্যালয়ের জ্যেষ্ঠ সহকারী শিক্ষক জনাব মোঃ ইয়ার আলী ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্বভার গ্রহণ করায় নিম্নোক্ত শর্তে সাময়িকভাবে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক এর দায়িত্বসহ আর্থিক লেন-দেনের ক্ষমতা প্রদান করা হলো। তিনি নিজের এবং অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীদের আয়ন-ব্যয়নকারী কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

শর্তসমূহ:

- (ক) এই দায়িত্ব তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত। পরবর্তীতে শূন্য পদে প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষক/সিনিয়র শিক্ষক যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
- (খ) ট্রেজারী ও সাব-ট্রেজারী আইনের এস,আর/৯৬ ভলিউম-১ অনুযায়ী তাঁকে আনুষংগিক ভাতা, সম্মানী ইত্যাদি বিলসমূহে স্বাক্ষর করার ক্ষমতা প্রদান করা হলো।
- (গ) দায়িত্ব পালনকালীন সকল প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনিই সর্বোত্তমভাবে দায়ী থাকবেন। তাঁকে বিধি বিধানের আলোকে সকল প্রকার লেনদেন করতে হবে ও আর্থিক লেনদেনের হিসাব-নিকাশ অবশ্যই নির্দিষ্ট রেজিস্ট্রারে সংরক্ষণ করতে হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

২৩-০২-২০২৪
দুর্গা রানী সিকদার
সহকারী পরিচালক-১

নম্বর:

তারিখ: ১০ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
২৩ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ২। প্রধান হিসাবরক্ষণ ও ফিন্যান্স কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
- ৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, বিভাগ,
- ৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, অঞ্চল,
- ৫। উপজেলা/জেলা হিসাবরক্ষণ ও ফিন্যান্স কর্মকর্তা,
- ৬। প্রধান শিক্ষক,
- ৭। জনাব,
- ৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা; এবং
- ৯। সংরক্ষণ নথি।



স্বাক্ষরিত -

২৩-০২-২০২৪
দুর্গা রানী সিকদার
সহকারী পরিচালক-১